হঠাৎ অসুস্থতায় হাসপাতালে ভর্তি সারজিস আলম



জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর উত্তরাঞ্চলের প্রধান সংগঠক এবং স্থানীয় সরকার নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান সারজিস আলম আকস্মিকভাবে অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন।

মঙ্গলবার (২৮ এপ্রিল) দুপুরের দিকে হঠাৎ তীব্র পেটব্যথা শুরু হলে তাকে দ্রুত রাজধানীর ধানমন্ডির ইবনে সিনা হাসপাতালে নেওয়া হয়। বর্তমানে সেখানেই তার চিকিৎসা চলছে।

তার ছোট ভাই সাহাদাত হোসেন সাকিব বিষয়টি নিশ্চিত করে জানান, সারজিস আলমের শারীরিক অবস্থা পর্যবেক্ষণে রাখা হয়েছে এবং দ্রুত সুস্থতার জন্য সবার কাছে দোয়া চাওয়া হয়েছে।

LENS ASIA